বিবেকানন্দ কলেজ

বাংলা (স্নাতকোত্তর) পরীক্ষা, ২০২০

সেমেস্টার - ২

একক - ২.১

সময় - ২ ঘন্টা　　　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান - ৪০

১।'মেঘনাদবধ কাব্য' অবলম্বনে মন্দোদরী চরিত্রের বিশেষত্ব আলোচনা করো । ১০

অথবা

অনেকেই মনে করেন, বীররসের কাব্য লিখতে চাইলেও 'মেঘনাদবধ কাব্য'-এ শেষ পর্যন্ত করুণ রসই প্রাধান্য পেয়েছে, এ বিষয়ে তোমার মত যুক্তিসহ ব্যাখ্যা করো । ১০

২। বিহারীলাল চক্রবর্তীর 'সারদামঙ্গল' কাব্যে বর্ণীত কবি কল্পিত সারদার বিশেষত্বের পরিচয় দাও । ১০

অথবা

'ত্রিবিধ বিরহ' বলতে কবি কী বুঝিয়েছেন ? 'সারদামঙ্গল' কাব্যে এর প্রকাশ কোথায় কীভাবে ঘটেছে, আলোচনা করো । ৩ + ৭= ১০

৩।'বনলতা সেন' কবিতা অবলম্বনে কবি জীবনানন্দের প্রেম চেতনা ও মৃত্যু চেতনার পরিচয় দাও । ১০

অথবা

রবীন্দ্রোত্তর বাংলা কবিতার ধারায় আধুনিক কবি রূপে সুভাষ মুখোপাধ্যায়ের স্বাতন্ত্র্য নির্দেশ করো । ১০

৪। সংক্ষেপে উত্তর দাও (যে-কোনো ২টি ) ৫ + ৫= ১০

(ক) 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গে রাবণের রাজসভার যে পরিচয় পাওয়া যায়, তা সংক্ষেপে বিবৃত করো । ৫

(খ)'সারদামঙ্গল' কাব্যে হিমালয়ের বর্ণনায় কবির কবিত্ব শক্তির সংক্ষিপ্ত পরিচয় দাও । ৫

(গ) কবি নজরুলকে 'বিদ্রোহী' কবি আখ্যা দেওয়ার কারণ কী ? এ বিষয়ে তোমার মত ব্যাখ্যা করো । ৫